# পিজির শিরোনাম

পিজির স্থান এবং ভ্যলু-চেইনের নাম অনুসারে পিজির নাম হবে

উদাহরণঃ কেদারপুর গ্রামের একটি ডেইরী পিজির শিরোনাম “কেদারপুর ডেইরি পিজি” হবে।

কেদারপুর গ্রামের একটি গরু হৃষ্টপুষ্টকরণ পিজির শিরোনাম “কেদারপুর গরু হৃষ্টপুষ্টকরণ পিজি” হবে।

কেদারপুর গ্রামের একটি ছাগল/ভেড়া পিজির শিরোনাম “কেদারপুর ছাগল/ভেড়া পিজি” হবে।

কেদারপুর গ্রামের একটি দেশী হাঁস-মুরগি পিজির শিরোনাম “কেদারপুর দেশী হাঁস-মুরগি পিজি” হবে।

# সদস্য নির্বাচনের যোগ্যতা

ভ্যলু-চেইন ভিত্তিক পিজি গঠনে নিম্ন-লিখিত নির্দেশকগুলো ব্যবহৃত হবে

- কোন অঞ্চলের $\leq$২.০ কিলোমিটার পরিধির মধ্যে একটি পিজি অবস্থান করবে।

- একটি পিজিতে নুন্যতম ২০ ও সর্বোচ্চ ৪০ জন খামারি-সদস্যের অংশগ্রহণে সকল ভ্যলু-চেইনের পিজি গঠিত হবে।

- পিজি গঠনে সদস্যদের (নারী ও পুরুষ) বয়স ১৮ বা তদুর্ধ হবে।
- যুবক ও ট্রান্সজেন্ডারদের অংশগ্রহণে উৎসাহিত করা হবে

# ডেইরী-পিজি

- ন্যুনতম ২ টি গাভী/খামারী
- দৈনিক গড়ে ৫.০ লিটার/খামারী দুধ উৎপাদন
- ন্যুনতম ৪০টি গরু/পিজি, এবং
- নারী খামারি-সদস্যের উপস্থিতি উৎসাহিত করা হবে (জেলা পর্যায়ে মোট ডেইরী পিজি সমূহের গড়ে ৪১%)

# গরু হৃষ্টপুষ্টকরণ, ছাগল/ভেড়া  এবং দেশী-মুরগি পিজি

- হৃষ্টপুষ্টকরণ পিজিঃ দুইটি (২) গরু/খামারী ও চল্লিশটি (৪০) গরু/পিজি)
- নারী খামারি-সদস্য (জেলা পর্যায়ে মোট হৃষ্টপুষ্টকরণ পিজি সমূহের গড়ে ২৫%)

- ছাগল/ভেড়াঃ দুইটি (২) ছাগল ও/বা ভেড়া/খামারী, মোট ৪০টি ছাগল ও/বা ভেড়া/পিজি, এবং মোট ১০০% নারী খামারি-সদস্যের অংশগ্রহণ।

- দেশী-মুরগিঃ নুন্যতম বিশটি (২০) হাঁস-মুরগি/খামারী, চারশত টি (৪০০) হাঁস-মুরগি/পিজি ; ১০০% নারী খামারি-সদস্যের অংশগ্রহণ।

# পিজি অফিস

- একটি পিজি শুরুতে তার যে কোন সদস্যের বাড়ীর আংগিনায় কার্যক্রম চালাতে পারবে; তবে তা সংশ্লিষ্ট অফিসকে জানাতে হবে।

- কিন্তু, সময়ের সাথে সাথে পিজির কার্যক্রম বাস্তবায়নের জন্য অফিসের জায়গা নির্ধারণ করা যেতে পারে।

# পিজি কমিটি

- সাত অথবা নয় সদস্য (সভাপতি, সহ-সভাপতি, সাধারণ সম্পাদক, ক্যাশিয়ার এবং সদস্য); কোরাম হতে ন্যূনতম তিন অথবা পাঁচ সদস্যদের উপস্থিতি থাকতে হবে
- দুই বছর মেয়াদি
- কমিটির সদস্য সংখ্যানুসারে ন্যূনতম দুই থেকে পাঁচ জন নারী/যুবক/ প্রতিবন্ধী সদস্য (প্রযোজ্য ক্ষেত্রে)

# পিজি গঠনতন্ত্রের বিষয়বস্তু

ক) পিজি পরিচয়

১। সংজ্ঞা, নাম ও ঠিকানা
২। পিজির কর্ম-অঞ্চল
৩। পিজির কর্ম-কান্ড
৪। লক্ষ্য ও উদ্দেশ্য

খ) সদস্য যোগ্যতা ও দায়-বদ্ধতা

১। সদস্য-পদের শর্ত ও যোগ্যতা
২। সদস্যদের অধিকার ও দায়-বদ্ধতা
৩। সাধারন সদস্যদের কর্ম-দায়িত্ব

গ) পিজি প্রশাসন

১। পিজি কমিটির দায়িত্ব, কমিটি-সদস্য নির্বাচন এবং মেয়াদ
২। সভা আহ্বান, পরিচালনা এবং সিদ্ধান্ত গ্রহণ
৩। সাধারণ সভা এবং তার কর্ম-দায়িত্ব ও ক্ষমতা
৪। গঠনতন্ত্রের উপবিধি ও নিয়মকানুন সংশোধন
৫। প্রজ্ঞাপন এবং প্রচারণা

# গঠনতন্ত্রের বিষয়বস্তু

ঘ) পিজি ব্যবস্থাপনা

১। পিজি গঠন প্রক্রিয়া এবং দায়িত্ব হস্তান্তর
২। সদস্যপদ বাতিল, বহিস্কার এবং ঋণ আদায়
৩। পিজি নথি বা দলিল পত্রাদির তথ্যাদি সদস্যগণের জানার অধিকার
৪। পিজির পক্ষে স্বাক্ষর প্রদানে মোক্তারনামা
৫। বিরোধ নিষ্পত্তি

ঙ) আর্থিক ব্যবস্থাপনা

১। মূল্ধনের উৎস্য ও উন্নয়ন নির্দেশিকা
২। হিসাব সংরক্ষণ
৩। চাঁদা প্রদানে ব্যর্থতার দায়বদ্ধতা এবং ক্ষতিপূরণ
৪। আর্থিক লেনদেন তত্বাবধান এবং নিরীক্ষা পদ্ধতি

# গঠনতন্ত্রের বিষয়বস্তু

চ) বিনিয়োগ ও ব্যবসা

১। পিজি এবং পিজি-ব্যবসা পরিচালনা
২। ব্যবসার মুনাফা নিতিমালা
৩। শেয়ার ও ঋণ-দায় হস্তান্তর
৪। পিজি-বহির্ভুত ব্যবসায় বিনিয়োগ এবং ব্যবস্থাপনা
৫। পিজি-বিনিয়োগ বৃদ্ধি, ব্যবহার এবং মুনাফা বন্টন

# পিজি-সদস্যদের প্রকল্প উপকরণ সরবরাহ

- প্রতিটি পিজি কেন্দ্রিক লাইভস্টক ফার্মার্স ফিল্ডস্কুল প্রতিষ্ঠা
- লাইভস্টক ফার্মার্স ফিল্ডস্কুল ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা
- সভা আহ্বানের জন্য লজস্টিক খরচ উপজেলা অফিসের মাধ্যমে প্রেরণ
- রেজিস্টার বই সরবরাহ
- পিজি সদস্যদের খামারের তথ্য-ভান্ডার উন্নয়ন, নিয়মিতকরণ এবং সদস্যদের প্রোফাইল প্রস্তুত করা
- পিজি-সদস্যদের খামারের প্রাণির জন্য সম্ভব সংখ্যক কৃমিনাশক ঔষধ সরবরাহ
- পিজি-সদস্যদের খামারে ক্ষুরারোগের টিকা প্রদান
- খামারের পরিস্কার-পরিচ্ছন্নতা (হাইজিন) উন্নয়নে প্রযোজ্য ক্ষেত্রে স্টেইনলেস স্টীল বালতি, দুধ মাপার পাত্র, দুধ পরিবহনে মিল্ক-ক্যান, টিট ডিপিং কাপ, হ্যান্ড গ্লোভস, গাম্বুট, খামারের তাপমাত্রা ও আদ্রতা মাপন যন্ত্র
- ব্যাংক হিসাব খোলার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান